যায়যায়দিন

14 SEP 2009
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6

# শিক্ষক নিয়োগে নিবন্ধন পদ্ধতি বাতিলের দাবি করলেন সাংসদ জ্যাকব

যাযাদি রিপোর্ট

বেসরকারি স্কুল ও কলেজে শিক্ষক নিয়োগের জন্য প্রার্থীদের নিবন্ধন পদ্ধতি বাতিলের দাবি জানিয়েছেন সংসদ সদস্য আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব। রোববার সংসদ অধিবেশনে ৭১ বিধিতে দেয়া মনোযোগ আকর্ষণীয় নোটিশে তিনি এ দাবি জানান। শিক্ষামন্ত্রী দাবি বিবেচনার আশ্বাস দিয়েছেন।

সংসদ সদস্য আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব মন্ত্রীর মনোযোগ আকর্ষণ করে বলেন, বিগত সরকারের আমলে শিক্ষা মন্ত্রণালয় থেকে একের পর এক প্রজ্ঞাপন জারি করে সারাদেশের শিক্ষা ব্যবস্থাকে জটিল করা হয়েছে। বর্তমান নীতিমালায় মাধ্যমিক পর্যায়ের প্রধান শিক্ষকের স্বতন্ত্র বেতন থাকলেও সহকারী প্রধান শিক্ষকের স্বতন্ত্র বেতন নেই। প্রধান শিক্ষকের শূন্যপদে নিয়োগের জন্য কমপক্ষে ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হয়, এর মধ্যে কমপক্ষে তিন বছর সহকারী প্রধান শিক্ষক। এর ফলে নিয়োগ বিজ্ঞপ্তির পর শূন্যপদে অনেক সময় প্রধান শিক্ষক পাওয়া যায় না। এছাড়া বেসরকারি প্রতিষ্ঠানে নিয়োগের ক্ষেত্রে নিবন্ধন পরীক্ষার ফলাফল বাধ্যতামূলক করা হয়েছে। এতে নিয়োগের ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে প্রার্থীশূন্যতা দেখা দিয়েছে। এ কারণে সারাদেশে নিবন্ধন পদ্ধতি বাতিলের দাবি উঠেছে, যা গুরুত্বের সঙ্গে বিবেচনা করা দরকার।

নোটিশের জবাবে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সংসদকে জানান, শিক্ষা ক্ষেত্রের সব ধরনের বৈষম্য দূর করার জন্য সরকার কাজ করছে। ইতিমধ্যে শিক্ষানীতির খসড়া তৈরি করা হয়েছে। ধীরে ধীরে শিক্ষা ক্ষেত্রের সব জটিলতা দূর করা হবে। এ ক্ষেত্রে তিনি সবার সহযোগিতা চান।